

বধিরতা নির্ধারণ

জন্ম থেকে ৬ মাসের মধ্যে শোনার অসুবিধা আছে কি না বোঝার উপায় :-

- চারপাশে প্রচুর আওয়াজের মধ্যে (পটকা ফাটা, বাসন পড়ে যাওয়া, শোরগোল) ঘুমোতেই থাকে, জেগে না ওঠে।
- যদি মায়ের গলার আওয়াজে শিশু কান্নার পরিবর্তন না করে।
- যদি দুধ টানতে টানতেও জোড়ালো আওয়াজ ভালো করে শোনার জন্য খাওয়া থামিয়ে না দেয়।
- যদি মায়ের কিংবা বাবার আওয়াজ, কলিং বেল বা রোজকার চেনা আওয়াজকে মাথা ঘুরিয়ে আওয়াজের উৎসকে দেখার করার চেষ্টা না করে।



শিশু নিম্নলিখিত প্রতিক্রিয়া গুলি না দেখায়, সতর্ক হোন :-



১ বছরের মধ্যে

- খেলার সময় যত আওয়াজই হোক ভ্রক্ষেপ করে না।
- বড়দের কথাবার্তা শুনতে ভালবাসে না।
- কোন কথা বা কুকুর-বিড়ালের ডাককে বা সুরকে নকল করার চেষ্টা করে না।
- নাম ধরে ডাকলে সাড়া দেয় না।

শিশু নিম্নলিখিত প্রতিক্রিয়া গুলি না দেখায়, সতর্ক হোন :-

১ থেকে ২ বছরের মধ্যে

- আওয়াজে সাড়া দেয় না।
- গল্প শুনতে ভালবাসেনা।
- নিজের প্রয়োজনগুলো ইশারা করেই বোঝায়।
- খেলনা বা কোন জিনিস নাম দিয়ে চিনতে পারে না।



গ্রাহাম বেল সেন্টার ফর দ্যা ডেফ
পাণ্ডুয়া, হুগলী

